গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.৩৮৮.০৫.০০৬.২১-২৮১ তারিখ-১৬/০৯/২০২১ ইং

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের নৈতিকতা কমিটির ২০২১-২০২২ অর্থ বছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ রেজাউল করিম
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
ও সদস্য সচিব, সওজ নৈতিকতা কমিটি।

তারিখ ও সময়ঃ ০২/০৯/২০২১ খ্রিস্টাব্দ
বেলা ১২:০০ ঘটিকা

স্থানঃ Online এ Zoom Meeting এর মাধ্যমে।

অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং ও সদস্য সচিব, সওজ নৈতিকতা কমিটি ও সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় সড়ক ও জনপথ অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০২১-২০২২ ভুক্ত কার্যক্রম সমূহের অগ্রগতি পর্যালোচনা পূর্বক ১ম প্রান্তিকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার ব্যাপারে আহবান জানান।

জাতীয় শুদ্ধাচার কৌশল, ২০২১-২০২২ ভুক্ত কাঁযক্রম নং-১.৩ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, নির্ধারিত সময়ের মধ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার আয়োজন করা হবে।

কার্যক্রম নং-১.৪ এর বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী,সওজ প্রশিক্ষণ কেন্দ্র জানান নৈতিকতা ,সুশাসন ও জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। তিনি আরো জানান যে, সরকারী কর্মচারী আইন-২০১৮ সংক্রান্ত প্রশিক্ষণ দ্রুত সম্পন্ন করা হবে।

কার্যক্রম নং-১.৫ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, কর্ম পরিবেশ উন্নয়নে পরিবীক্ষণ কমিটি বিগত ০৪/০৭/২০২১ তারিখে গঠন করা হয়েছে। কমিটি প্রতিমাসে স্বাস্থ্যবিধি অনুসরণ যাচাই ও বাস্তবায়ন হচ্ছে কীনা পরিবীক্ষণ করেছেন এবং প্রতিবেদন প্রদান করেছেন।

কার্যক্রম নং-১.৬ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

কার্যক্রম নং-১.৭ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয় সমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা হয়েছে।

কার্যক্রম নং-২.১ (ক) এর বিষয়ে নির্বাহী প্রকৌশলী,তদন্ত বিভাগ জানান ঢাকা ও রাজশাহী জোনের উন্নয়ন বাজেটের অন্তর্ভূক্ত কাজের বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয় কিন্তু অন্যান্য জোনের ২০২১-২২ অর্থবছরের জন্য নতুন কোন দরপত্র না থাকায় ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়নি।

কার্যক্রম নং-২.২ এর বিষয়ে নির্বাহী প্রকৌশলী , প্রোগ্রামিং বিভাগ-২ জানান ইতোমধ্যে ৫ (পাঁচ)টি PIC সভার আয়োজন করা হয়েছে এবং পরবর্তীতে প্রকল্প বাস্তবায়নকারী ইউনিট সমূহের চাহিদার প্রেক্ষিতে প্রধান প্রকৌশলী,সওজ মহোদয়ের অনুমতি প্রাপ্তি সাপেক্ষে PIC সভার আয়োজন করা হবে।

কার্যক্রম নং-২.৪ এর বিষয়ে নির্বাহী প্রকৌশলী,তদন্ত বিভাগ জানান,২০২০-২১ অর্থবছরে সড়ক ও জনপথ অধিদপ্তরে সর্বমোট ৪২ টি সমাপ্ত প্রকল্পের মধ্যে ১০টি প্রকল্পে সম্পদ ক্রয় করা হয়েছে। ক্রয়কৃত সম্পদ বিধি মোতাবেক হস্তান্তর করা হয়েছে এবং প্রমাণক সমূহ দ্রুত সংগ্রহ করা হবে।

কার্যক্রম নং-৩.১ এর বিষয়ে পরিচালক (তঃপ্রঃ, সওজ), বাংলাদেশ সড়ক গবেষণাগার জানান যে, চলতি কোয়ার্টারে লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নাধীন ২ টি প্রকল্পে Quality Assurance Plan অনুসরণ হচ্ছে কিনা তা যাচাইকরণের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা হবে।

কার্যক্রম নং-৩.২ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান ভিডিও/ টেলিকনফারেন্সের মাধ্যমে মাঠ পর্যায়ের উল্লেখযোগ্য প্রকল্প সমূহের চলমান কাজ পর্যবেক্ষণ দ্রুত সম্পন্ন করা হবে।

কার্যক্রম নং-৩.৩ এর বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, সমাপ্ত ২০২০-২০২১ অর্থবছরের জুন, ২০২১ পর্যন্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

এরপর অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, ঢাকা, নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সবাইকে তাদের বক্তব্য প্রদানের আহবান জানান।

তত্ত্বাবধায়ক প্রকৌশলীসওজ,রক্ষণাবেক্ষণ সার্কেল বলেন যে, শুদ্ধাচার পুরস্কার প্রদান সম্পর্কে আরো প্রচার প্রয়োজন এবং পুরস্কার প্রদানের পূর্বে নোটিশের মাধ্যমে পুরস্কার প্রাপ্তি বা প্রদানের নির্ণায়ক সমূহ সকল দপ্তরকে অবহিত করার আহ্বান জানান।

এছাড়া আর্থিক ব্যাবস্থাপনা উন্নয়ন বিষয়ে তিনি জানান, সড়ক ও জনপথ অধিদপ্তরে পরিচালন বাজেটে ক্রয়কারী অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী হওয়া বিধি সম্মত নয়। CPWD কোড অনুযায়ী নির্বাহী প্রকৌশলীগণ ক্রয়কারী হবেন। তিনি শুদ্ধাচার প্রতিষ্ঠার অংশ হিসাবে অত্র অধিদপ্তরের শুধুমাত্র নির্বাহী প্রকৌশলীগণকে ক্রয়কারী (Procuring Entity) নির্ধারণের জন্য কার্যক্রম গ্রহনের আহ্বান জানান।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়ঃ

সিদ্ধান্তসমূহ-

ক্রমিক নং	কার্যক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	সেপ্টেম্বর/২০২১ এর মধ্যে সরকারী কর্মচারী আইন-২০১৮ সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী,সওজ প্রশিক্ষণ কেন্দ্র।
২।	প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন	সেপ্টেম্বর/২০২১ এর মধ্যে PIC সভা সম্পন্ন করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী,পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল।
৩।	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা	সেপ্টেম্বর/২০২১ এর মধ্যে অংশীজনের অংশগ্রহণে সভা সম্পন্ন করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী,ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশাসন ও সংস্থাপন।

ক্রমিক নং	কার্যক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
৪।	বাস্তবায়ানাধীন উল্লেখযোগ্য প্রকল্প সমূহে Quality Assurance Plan অনুসরণের যাচাইকরণ কার্যক্রম ।	সেপ্টেম্বর/২০২১ এর মধ্যে Quality Assurance Plan অনুসরণের যাচাইকরণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।	পরিচালক,বাংলাদেশ সড়ক গবেষণাগার।
৫।	ভিডিও/ টেলিকনফারেন্সের মাধ্যমে মাঠ পর্যায়ের উল্লেখযোগ্য প্রকল্প সমূহের চলমান কাজ পর্যবেক্ষণ।	নির্ধারিত সময়ের মধ্যে ভিডিও/ টেলিকনফারেন্সের মাধ্যমে মাঠ পর্যায়ের উল্লেখযোগ্য প্রকল্প সমূহের চলমান কাজ পর্যবেক্ষণ সম্পন্ন করতে হবে।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী,ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/সিনিয়র সিস্টেম এনালিস্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল।
৬।	শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ।	শুদ্ধাচার পুরস্কার প্রদান কার্যক্রমে যথাযথভাবে নীতিমালা/নির্দেশনা অনুসরন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী,তদন্ত বিভাগ।
৭।	সড়ক ও জনপথ অধিদপ্তরে শুদ্ধাচার প্রতিষ্ঠার অংশ হিসেবে শুধুমাত্র নির্বাহী প্রকৌশলীগণদের ক্রয়কারী নির্ধারণ।	প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমতিক্রমে সিনিয়র ম্যানেজমেন্ট কমিটির সভার আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশাসন ও সংস্থাপন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৯/২০২১

(মোঃ রেজাউল করিম)
পরিচিতি নং-০০০৪৫২
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
ও
সভাপতি, সওজ নৈতিকতা কমিটির সভা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলো ঃ
১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, টেকনিক্যাল সার্ভিসেস উইং, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী,পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৭। পরিচালক (তঃপ্রঃ, সওজ), সড়ক গবেষণাগার, পাইকপাড়া, মিরপুর, ঢাকা।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, মনিটরিং সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রকিউরমেন্ট সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষণাবেক্ষণ সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশিক্ষন কেন্দ্র, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। কার্য বিবরণীটি RHD Website-এর জাতীয় শুদ্ধাচার বাতায়নে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
১৩। এস্টেট এন্ড ল' অফিসার, প্রধান কার্যালয়, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৪। নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১৫। নির্বাহী প্রকৌশলী, সওজ, তদন্ত বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।